

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 10-07-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Panchayat election:

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আজ ঘোষণা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী বিকেলে সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করবেন। উল্লেখ করা যেতে পারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট আসন রয়েছে ৬ হাজার নয়শোরও বেশি। এরমধ্যে আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬টি, পয়ত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭২টি। মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৫ হাজার ৮৬ জন। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ৮টি জেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা হল ২ হাজার ৬৫০টি।

PM-Honour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে গতকাল রাশিয়ার সর্বোচ্চ অসামরিক সম্মান দ্য অর্ডার অফ সেন্ট এন্ড্রু দ্য এপোস্টেল প্রদান করা হয়। রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন শ্রী মোদিকে এই সম্মান প্রদান করেন। এই পুরস্কার রাশিয়া ও ভারতের উন্নত কৌশলগত অংশীদারিত্ব ও উভয়দেশের বন্ধুত্বের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অবদানকেই প্রতিফলিত করে।

CM- Inauguration:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার আইজি এম হাসপাতাল সংলগ্ন হরিজন কলোনিতে সাফাই কর্মচারীদের জন্য নবনির্মিত হরিজন কোয়ার্টার (দ্বিতীয় পর্যায়ের) উদ্বোধন করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পশ্চিম ত্রিপুরা জেলা শাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার, আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব Dipa. D. Nair প্রমুখ।

Power minister meet:

কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মন্ত্রী মনোহর লাল খট্টরের পৌরোহিত্যে গতকাল গুয়াহাটিতে উত্তর-পূর্বাঞ্চলের বিদ্যুৎ মন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ রাজ্যের বিদ্যুৎ পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য চান। তাছাড়া তিনি রাজ্যের সূর্য মনিনগর এলাকায় ৪০০ ভোল্ট ক্ষমতাসম্পন্ন সাবস্টেশন নির্মাণের সম্পূর্ণ খরচ কেন্দ্রীয় সরকারকে বহন করার পাশাপাশি রাজ্যের আরও বেশ কিছু প্রকল্প বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় মন্ত্রীর কাছে প্রস্তাব রাখেন।

Lokayukt :

লোকায়ুক্ত হিসেবে নিযুক্তি পেলেন প্রাক্তন বিচারক ডঃ বিভাস কান্তি কিলিকদার। গতকাল রাজ্য সরকারের বিশেষ সচিব অনিন্দ কুমার ভট্টাচার্য এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন। লোকায়ুক্ত হিসেবে শ্রী কিলিকদাদের মেয়াদ থাকবে তিন বছর। উল্লেখ্য, বরিষ্ঠ আইনজীবী কল্যাণ নারায়ন ভট্টাচার্যের লোকায়ুক্ত হিসেবে মেয়াদ শেষ হতেই রাজ্য সরকার নতুন লোকায়ুক্তের নাম ঘোষণা করেছে।

Governor visit:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সাব্বরুমের শ্রীনগর সীমান্ত হাট ও উদয়পুরের পালাটানা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি পরিদর্শনে যান। সাব্বরুমের শ্রীনগরে রাজ্যপালকে স্বাগত জানান দক্ষিণ ত্রিপুরা জেলাশাসক স্মিতা মল। তাছাড়া বর্ডার হাট পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে ছিলেন সীমান্ত রক্ষী বাহিনীর ডিআই জি অনিল শর্মা ও দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক সিংহ। পরে তিনি উদয়পুরের পালাটানা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি পরিদর্শন করেন এবং গোমতী জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সমিত লোধ ও অন্যান্য অধিকারিকদের সঙ্গে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটির বিভিন্ন পরিকাঠামো নিয়ে আলোচনা করেন।

DM visit-Chaturdas Debota Mandir:

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার গতকাল আসন্ন খারচি পূজার প্রস্তুতি দেখতে খয়েরপুর স্থিত চৌদদেবতা মন্দির পরিদর্শনে যান। পরিদর্শনকালে ডাঃ কুমার খারচি পূজা আয়োজকদের সাথে পূজার দিনগুলিতে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন। পাশাপাশি নিরাপদ ও দুর্ঘটনামুক্ত উৎসব উদযাপন সুনিশ্চিত করতে পূজা কমিটিকে তিনি নির্দেশ দেন। উল্লেখ্য আগামী ১৪জুলাই মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা খারচি পূজা ও মেলার উদ্বোধন করবেন।

Central minister visit:

কেন্দ্রীয় পর্যটন, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস রাষ্ট্রমন্ত্রী সুরেশ গোপী আজ উত্তর জেলার ধর্মনগর ও উনকোটি পরিদর্শনে যাবেন। পরিদর্শনের সময় শ্রী গোপী ধর্মনগরে বিভিন্ন ফ্ল্যাগশিপ প্রোগ্রাম ও উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে অধিকারিকদের সাথে বৈঠকে করবেন ও বিভিন্ন সেলফ হেল্প গ্রুপের মহিলাদের সাথে মতবিনিময় করবেন। পরে তিনি উনকোটি পরিদর্শন করে আগরতলা ফিরে আসবেন। উল্লেখ্য গতকাল আগরতলায় আসেন কেন্দ্রীয় পর্যটন, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস রাষ্ট্রমন্ত্রী সুরেশ গোপী।

New Criminal Law-South :

সাব্ৰুমে মাইকেল মধুসূদন দত্ত কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং ওমেন্স সেলের যৌথ উদ্যোগে তিনটি নতুন ফৌজদারি আইনের বিষয় নিয়ে গতকাল এক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সাব্ৰুম বার এসোসিয়েশনের আইনজীবী আপন দত্ত ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন ফৌজদারি আইন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে পৌরহিত্য করেন কলেজ অধ্যক্ষ ড.অনুপম গুহ। স্বাগত ভাষণ দেন কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান ড. উমা বেগম।

Weather :

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ আংশিক ভাবে মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।
